

ফতওয়া নং ৪১৬

প্রশ্ন:

হুজুর, আপনার কাছে একটি প্রশ্ন। প্রশ্নটি হল, ছেলেরা রূপার আংটি কি পরতে পারবে সোনার তো পরা হারাম, রূপোর কি পড়তে পারবে বা কোন ক্ষেত্রে পড়তে পারবে ?

উত্তর:

পুরুষের পক্ষে অযথা আংটি পরা উত্তম না হলেও কেবল রূপার আংটি ব্যবহার করার অনুমতি আছে। তবে তা এই শর্তে যে, রূপার পরিমাণ এক মিসকালের চেয়ে কম অর্থাৎ সাড়ে চার মাসার চেয়ে কম হতে হবে। গ্রামের হিসাবে এক মিসকালের পরিমাণ হল ৪.৩৭৪ গ্রাম। এছাড়া অন্য কোনো আংটি ব্যবহার করা পুরুষের পক্ষে বৈধ নয়। (আল মাসাইলুল মুহিম্বাহ্ ১/১৪১, ফাতাওয়া মাহমুদিয়া ১৯/৩৪৪, ফাতাওয়া কাযীখান ৩/৪১৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২১ যিলহজ্জ, ১৪৪৫ হিজরী (28/06/2024)